গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলী, দিনাজপুর পওর বিভাগ

এবং

তত্তাবধায়ক প্রকৌশলী, ঠাকুরগাঁও পওর সার্কেল-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২২ - জুন ৩০, ২০২৩

# সূচিপত্র

জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: জেলা / সার্কেল অফিসের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১২

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৩

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৪

# জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the District/Circle Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বন্যার ক্ষয়ক্ষতি হতে দেশের জনসাধারণের জানমাল রক্ষা ও খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, দিনাজপুর বন্যা নিয়ন্ত্রণ, নদী ভাঙ্গনরোধ, নদী ড্রেজিং, সেচ ব্যবস্থাপনা উন্নয়ন, জলাবদ্ধতা দূরীকরণ ও ভূমি পুনঃরুদ্ধার কাজ করছে। গত ০৩ (তিন) বছরে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, দিনাজপুর অধিক্ষেত্রে মোট ০২টি উন্নয়ন প্রকল্পের মাধ্যমে প্রায় ৫.৬০ কিঃমিঃ নদীতীর সংরক্ষণ কাজ, সেচ অবকাঠামো ০১ টি বাস্তবায়ন করা হয়েছে। এর ফলে দিনাজপুর জেলার প্রায় ৩৬০০ (তিন হাজার ছয়শত) হেক্টর জমিতে সেচ সুবিধা সম্প্রসারণ করা সম্ভব হয়েছে এবং মানুষের জানমাল রক্ষা হওয়ার পাশাপাশি সরকারি বেসরকারি বিভিন্ন স্থাপনা নদীগর্ভে বিলীন হওয়া থেকে রক্ষা পেয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, দিনাজপুর অধিক্ষেত্রে আত্রাই, পূনর্ভবা, গর্ভেশ্বরী, টাংগন , ঢেপা, ছোট ঢেপা, কাঁকড়া এবং ছোট যমুনা নদী প্রবাহিত হয়েছে। অধিক্ষেত্রের ভূ-প্রাকৃতিক অবস্থান, জলবায়ু পরিবর্তন ও প্রাকৃতিক দূর্যোগের কারণে ভৌত কাজ টেকসই করা কঠিন। শুষ্ক মৌসুমে উজানে পানি প্রবাহ বাধাগ্রস্থ হওয়ায় পানির স্তর ক্রমাবনতি এবং ঢেপা, পূনর্ভবা ও গর্ভেশ্বরী নদীতে কোন কোন বছরে পানি স্বল্পতার কারনে সেচ যোগ্য জমির পরিমাণ সংকুচিত হয় এবং সেচ সংকট বৃদ্ধি পায়। প্রাকৃতিকভাবে বাংলাদেশের নদীতে পলি জমার কারণে নদীর তীর ভাঙ্গানসহ অবকাঠামো সমূহ হুমকীর সম্মুখীন হয়।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) অর্জনে এবং জলবায়ু পরিবর্তনের কারণে ভারসাম্যহীন পরিবেশ মোকাবেলার লক্ষ্যে পানি সম্পদ মন্ত্রণালয় হতে সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়, বিভাগ ও তথ্য/উপাত্ত প্রদানকারী সংস্থাসমূহের সাথে পরামর্শ করে ২০৩০ সাল পর্যন্ত সমন্বিতভাবে কর্মপরিকল্পনা তৈরি করে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বন্যা ব্যবস্থাপনা, নদী ভাঙ্গনরোধ জোরদারকরণ, সেচ ব্যবস্থাপনার উন্নয়ন, অববাহিকাভিত্তিক নদী ব্যবস্থাপনার মাধ্যমে বন্যা ঝুঁকি হ্রাস, শস্য নিবিড়তা বৃদ্ধি এবং মরুকরণরোধ কার্যক্রম গৃহীত হয়েছে। মাননীয় প্রধান মন্ত্রী কর্তৃক অগ্রাধিকার ভিত্তিক ড্রেজিং কার্যক্রমের জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর তৈরিকৃত ড্রেজিং এর ধারণাপত্র এর ভিত্তিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, দিনাজপুর অধিক্ষেত্রের নদ নদীর নাব্যতা বৃদ্ধির জন্য ড্রেজিং/খনন করে সারা বছর নদীতে পানির প্রবাহ ধরে রাখার লক্ষ্যে বেশ কিছু ডিপিপি প্রণয়ন করে দাখিল করা হয়েছে। এছাড়াও অধিক্ষেত্রের ০৩টি উপজেলায় পানি সরবরাহের মধ্যমে প্রাকৃতিক ভারসাম্য রক্ষাসহ সেচ সুবিধা প্রদান বৃদ্ধির জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঠাকুরগাঁও এর সাথে সমন্বয় করে ডিপিপি প্রণয়নের কাজ হাতে নেয়া হয়েছে। দেশের ৬৪টি জেলার প্রত্যেক উপজেলায় এবং সকল সিটি কর্পোরেশন ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে।

**২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ২০.০০ কিঃমিঃ নদী খনন ও ৪.০০ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ বাস্তবায়নের মাধ্যমে সুবিধাভোগী জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি করা।
- ১০.০০ কিঃমিঃ বাঁধ পুনঃনির্মাণ/মেরামত/পুনরাকৃতিকরণ এর মাধ্যমে বন্যার কবল হতে জানমাল রক্ষা করা।
- ২৫০০ টি বৃক্ষরোপনের মাধ্যমে পরিবেশের ভারসাম্য রক্ষার করা।
- ৩ টি পানি নিয়ন্ত্রণ অবকাঠামো মেরামতের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন করা।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী প্রকৌশলী, দিনাজপুর পওর বিভাগ

এবং

তত্তাবধায়ক প্রকৌশলী, ঠাকুরগাঁও পওর সার্কেল-এর মধ্যে ২০২২ সালের ................ মাসের ................ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

জনগণের জীবনমান উন্নয়নে পানি সম্পদের টেকসই নিরাপত্তা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

ক্রমাগত জলবায়ু পরিবর্তনের সঙ্গে সামঞ্জস্য রেখে পানি সম্পদের সুষম ও সমন্বিত পানি ব্যবস্থাপনার মাধ্যমে জনগনের পানির চাহিদা পূরণ এবং টেকসই উন্নয়ন নিশ্চিতকরণ।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. নদী নাব্যতা বৃদ্ধি, বন্যা নিয়ন্ত্রণ ও নদী ভাঙ্গান প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণ;

২. পানি সম্পদ খাতে সরকারের বিবিধ নীতি নির্ধারণী কার্যকৌশল ও নির্দেশনার বাস্তবায়ন;

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. সেচ, বন্যা নিয়ন্ত্রণ, জলাবদ্ধতা দূরীকরণ, নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন, নদী ভাঙ্গনরোধ এবং লবণাক্ততা ও মরুকরণ প্রতিরোধের ক্ষেত্রে সাধারণ নীতি প্রণয়ন ও কারিগরি সহায়তা সংক্রান্ত কার্যক্রম;

২. বন্যা পূর্বাভাস এবং সতর্কীকরণ, বন্যা নিয়ন্ত্রণ স্থাপনা, বন্যার কারণ এবং বন্যার কারণে সৃষ্ট ক্ষয়ক্ষতি নিরূপন সম্পর্কিত কার্যক্রম;

৩. নদীর অববাহিকা নিয়ন্ত্রণ ও উন্নয়ন এবং বন্যা নিয়ন্ত্রণ স্থাপনাসমূহ সম্পর্কে মৌলিক ও প্রায়োগিত গবেষণা এবং হাইড্রোলজিক্যাল জরিপ ও উপাত্ত সংগ্রহ সংক্রান্ত কার্যক্রম;

৪. বন্যা নিয়ন্ত্রণ এবং পানি সম্পদ উন্নয়নের ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতা প্রাপ্তি সম্পর্কিত কার্যাবলি;

৫. খাল খনন ও রক্ষণাবেক্ষণ এবং খাল খনন কর্মসূচীর আওতায় খালের উপর পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ;

৬. ভূমি সংরক্ষণ ও পুনরুদ্ধার, পানি নিষ্কাশন এবং জলাবদ্ধতা দূরীকরণ বিষয়ক কার্যাবলি;

৭. পানি সংরক্ষণ জলাধার নির্মাণ, বাঁধ ও ব্যারেজ নির্মাণ বিষয়ক কার্যাবলি; এবং

৮. নদীসমূহের পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি, ভাঙ্গনরোধের লক্ষ্যে নদী ড্রেজিং।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা ২০২২-২৩ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৩-২০২৪ | ২০২৪-২০২৫ | | |
| বন্যা ঝুঁকি হ্রাস | ১.২০ লক্ষ হেক্টর বন্যামুক্ত ও পানি নিষ্কাশন এলাকার কভারেজ (ক্রমপুঞ্জিভূত) | শতাংশ | ৩০ | ৪০ | ৫০ | ৮০ | ৮৫ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বার্ষিক প্রতিবেদন। |
| সেচ এলাকা এবং শস্য নিভিরতা বৃদ্ধি | 3600 হেক্টর সেচ এলাকা এবং শস্য নিভিড়তার কভারেজ (ক্রমপুঞ্জিভূত) | শতাংশ | ০.০০ | ৯০.০০ | ৯৫.০০ | ১০০.০০ | ১০০.০০ | কৃষি মন্ত্রনালয়, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বার্ষিক প্রতিবেদন। |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] নদী নাব্যতা বৃদ্ধি, বন্যা নিয়ন্ত্রণ ও নদী ভাঙ্গন প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণ; | ৬৫ | [১.১] বাঁধের মাধ্যমে বন্যা প্রতিরোধ ও নিয়ন্ত্রণ | [১.১.১] বাঁধ পুনঃনির্মাণ/ মেরামত/ পুনরাকৃতিকরণ | সমষ্টি | কিঃমিঃ | ১৫ | ০.০০ | ৫.০০ | ১০.০০ | ৯.৫০ | ৯.০০ | ৮.৫০ | ৮.০০ | ৩১.০০ | |
| | | [১.২] নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | [১.২.১] নদী তীর সংরক্ষণ | সমষ্টি | কিঃমিঃ | ১৫ | ১.৮০ | ৩.০০ | ৪.০০ | ৩.৭৫ | ৩.৫০ | ৩.২৫ | ৩.০০ | ১৩.০০ | |
| | | [১.৩] নদ-নদীর নাব্যতা বৃদ্ধি, তীরবর্তী জনপদে বন্যার প্রকোপ হ্রাস এবং নদীতে জাগ্রত ডুবোচর অপসারণ নদী তীরে ভাঙ্গান ঝুঁকি হ্রাসকল্পে নদী ড্রেজিং/পুনঃখনন | [১.৩.১] এক্সকাভেটরের মাধ্যমে নদী পুনঃখনন | সমষ্টি | কিঃমিঃ | ৩০ | ০.০০ | ৫.০০ | ২০.০০ | ১৮.০০ | ১৭.০০ | ১৬.০০ | ১৫.০০ | ৮.০০ | |
| | | [১.৪] নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন | [১.৪.১] পানি নিয়ন্ত্রণ কাঠামো পুনঃনির্মাণ/ মেরামত/পুনর্বাসন | সমষ্টি | সংখ্যা | ৫ | | | ৩.০০ | ২.০০ | ১.০০ | | | ১২.০০ | |
| [২] পানি সম্পদ খাতে সরকারের বিবিধ নীতি নির্ধারণী কার্যকৌশল ও নির্দেশনার বাস্তবায়ন; | ৫ | [২.১] দেশব্যাপী বাঁধের ঢাল, খালের পাড় এবং বাপাউবো'র নিজস্ব জায়গায় বৃক্ষরোপণ | [২.১.১] বৃক্ষরোপণের দৈর্ঘ্য | সমষ্টি | সংখ্যা | ৫ | ১৪৭৮ | ১৪৭৮ | ২৫০০.০০ | ২৪০০ | ২৩০০ | ২১০০ | ২০০০ | ৫০০০ | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, নির্বাহী প্রকৌশলী, দিনাজপুর পওর বিভাগ, তত্তাবধায়ক প্রকৌশলী, ঠাকুরগাঁও পওর সার্কেল-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, তত্তাবধায়ক প্রকৌশলী, ঠাকুরগাঁও পওর সার্কেল হিসাবে নির্বাহী প্রকৌশলী, দিনাজপুর পওর বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ............................................ | ............................................ |
| নির্বাহী প্রকৌশলী<br>দিনাজপুর পওর বিভাগ | তারিখ |
| ............................................ | ............................................ |
| তত্তাবধায়ক প্রকৌশলী<br>ঠাকুরগাঁও পওর সার্কেল | তারিখ |

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আরএডিপি | সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি |
| ২ | এডিপি | বার্ষিক উন্নয়ন কর্মসূচি |
| ৩ | পাসম | পানি সম্পদ মন্ত্রণালয় |
| ৪ | বাপাউবো | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] বাঁধের মাধ্যমে বন্যা প্রতিরোধ ও নিয়ন্ত্রণ | [১.১.১] বাঁধ পুনঃনির্মাণ/ মেরামত/ পুনরাকৃতিকরণ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/ প্রকল্প সংশ্লিষ্ট জোন/ প্রকল্প সংশ্লিষ্ট সার্কেল/ প্রকল্প সংশ্লিষ্ট বিভাগ/ সংশ্লিষ্ট প্রকল্প ব্যবস্থাপনা দপ্তর | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project Steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী, পরিচালন বাজেটের আওতায় সম্পাদিত কাজের ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র |
| [১.২] নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | [১.২.১] নদী তীর সংরক্ষণ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/ প্রকল্প সংশ্লিষ্ট জোন/ প্রকল্প সংশ্লিষ্ট সার্কেল/ প্রকল্প সংশ্লিষ্ট বিভাগ/ সংশ্লিষ্ট প্রকল্প ব্যবস্থাপনা দপ্তর | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project Steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী, পরিচালন বাজেটের আওতায় সম্পাদিত কাজের ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র |
| [১.৩] নদ-নদীর নাব্যতা বৃদ্ধি, তীরবর্তী জনপদে বন্যার প্রকোপ হ্রাস এবং নদীতে জাগ্রত ডুবোচর অপসারণ নদী তীরে ভাঙ্গন ঝুঁকি হ্রাসকল্পে নদী ড্রেজিং/পুনঃখনন | [১.৩.১] এক্সকাভেটরের মাধ্যমে নদী পুনঃখনন | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/ প্রকল্প সংশ্লিষ্ট জোন/ প্রকল্প সংশ্লিষ্ট সার্কেল/ প্রকল্প সংশ্লিষ্ট বিভাগ/ সংশ্লিষ্ট প্রকল্প ব্যবস্থাপনা দপ্তর | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project Steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী, পরিচালন বাজেটের আওতায় সম্পাদিত কাজের ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র |
| [১.৪] নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন | [১.৪.১] পানি নিয়ন্ত্রণ কাঠামো পুনঃনির্মাণ/ মেরামত/পুনর্বাসন | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/ প্রকল্প সংশ্লিষ্ট জোন/ প্রকল্প সংশ্লিষ্ট সার্কেল/ প্রকল্প সংশ্লিষ্ট বিভাগ/ সংশ্লিষ্ট প্রকল্প ব্যবস্থাপনা দপ্তর | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project Steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী, পরিচালন বাজেটের আওতায় সম্পাদিত কাজের ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র |
| [২.১] দেশব্যাপী বাঁধের ঢাল, খালের পাড় এবং বাপাউবো'র নিজস্ব জায়গায় বৃক্ষরোপণ | [২.১.১] বৃক্ষরোপণের দৈর্ঘ্য | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/ প্রকল্প সংশ্লিষ্ট জোন/ প্রকল্প সংশ্লিষ্ট সার্কেল/ প্রকল্প সংশ্লিষ্ট বিভাগ/ সংশ্লিষ্ট প্রকল্প ব্যবস্থাপনা দপ্তর | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project Steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী, পরিচালন বাজেটের আওতায় সম্পাদিত কাজের ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| বাঁধের মাধ্যমে বন্যা প্রতিরোধ ও নিয়ন্ত্রণ | বাঁধ পুনঃনির্মাণ/ মেরামত/ পুনরাকৃতিকরণ | প্রধান বন সংরক্ষকের কার্যালয়, বন অধিদপ্তর, ঢাকা | বাঁধ ও অবকাঠামো নির্মাণ/ মেরামতের জন্য বন বিভাগ রোপিত বৃক্ষের অপসারণ প্রয়োজন হতে পারে। বাঁধ নির্মাণ/ মেরামতের পর বন বিভাগ হতে চারা গাছ সংগ্রহ করে পরিকল্পিতভাবে পুনরায় বনায়ন করা হবে। গাছ কাটা ও নতুন চারা গাছ সংগ্রহের বিষয়ে বাপাউবো হতে জেলা পর্যায়ে বন বিভাগের সংশ্লিষ্ট দপ্তরে পত্র যোগাযোগ, জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা এবং জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভা প্রভৃতি উপায়ে কার্যক্রমের সমন্বয় করা হবে। |
| নদ-নদীর নাব্যতা বৃদ্ধি, তীরবর্তী জনপদে বন্যার প্রকোপ হ্রাস এবং নদীতে জাগ্রত ডুবোচর অপসারণ নদী তীরে ভাঙ্গান ঝুঁকি হ্রাসকল্পে নদী ড্রেজিং/পুনঃখনন | এক্সকাভেটরের মাধ্যমে নদী পুনঃখনন | জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর | নদী/খাল খননের এলাইনমেন্টে অবৈধ দখল/স্থাপনা থাকলে তা উচ্ছেদ না করা পর্যন্ত কাজ পরিচালনা করা যায়না। নদী/খাল খননের নির্ধারিত এলাইনমেন্টে অবৈধ দখল/স্থাপনা মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে যথাদ্রুত ও নিয়মিত উচ্ছেদের জন্য জেলা প্রশাসন হতে নির্বাহী ম্যাজিস্ট্রেট ও পুলিশ ফোর্স প্রয়োজন হবে। এ বিষয়ে বাপাউবো হতে জেলা প্রশাসন ও জেলা পুলিশের সাথে পত্র যোগাযোগ, জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা এবং জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভা প্রভৃতি উপায়ে কার্যক্রমের সমন্বয় করা হবে। |
| দেশব্যাপী বাঁধের ঢাল, খালের পাড় এবং বাপাউবো’র নিজস্ব জায়গায় বৃক্ষরোপণ | বৃক্ষরোপণের দৈর্ঘ্য | প্রধান বন সংরক্ষকের কার্যালয়, বন অধিদপ্তর, ঢাকা | বাঁধ ও সেচখালের মেরামত কাজের পূর্বের রোপিত বৃক্ষ অপসারণ এবং মেরামত পরবর্তী নতুন বৃক্ষরোপনে বনবিভাগের সহযোগিতা প্রয়োজন। |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ